খাগড়াছড়িতে মাদ্রাসার ছাত্রী গণধর্ষনসহ একাধিক মামলার আসামী মিশু বড়ুয়া চট্টগ্রামে গ্রেফতার

খাগড়াছড়ি প্রতিনিধি:

খাগড়াছড়িতে এক মাদ্রাসা ছাত্রীকে অপহরণের পর চার যুবক বিভিন্ন হোটেলে আটকিয়ে টানা তিন দিন গণধর্ষনের মামলার প্রধান আসামী মিশু বড়ুয়াকে চট্টগ্রাম থেকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) সহযোগিতায় বুধবার বিকাল ৫টায় চট্টগ্রাম থেকে তাকে গ্রেফতার হয় বলে পার্বত্যনিউজকে নিশ্চিত করেছেন, খাগড়াছড়ি সদর থানার ওসি(তদন্ত) মাসুদ আলম চৌধুরী।

পিবিআই চট্টগ্রাম নগরের পরিদর্শক সন্তোষ কুমার চাকমা জানান, গণধর্ষন মামলার পলাতক আসামী মিশু বড়ুয়া চট্টগ্রাম মহানগরীতে অবস্থান করছে এমন তথ্য দিয়ে খাগড়াছড়ি সদর থানার পুলিশ পিবিআই’র সহযোগিতা চাওয়ার পর তথ্য-প্রযুক্তির মাধ্যমে অবস্থান শনাক্ত করে মিশু বড়ুয়াকে কোতোয়ালী থানার বিআরটিসি এলাকা থেকে গ্রেফতার করা হয়।

খাগড়াছড়ি সদর থানার ওসি(তদন্ত) মাসুদ আলম চৌধুরী জানান,

গ্রেফতারকৃত মিশু বড়ুয়া ধর্ষণ ছাড়াও একাধিক মামলার আসামী। তকে খাগড়াছড়ি আনার জন্য তিনি এখন চট্টগ্রামের পথে রয়েছেন।

প্রসঙ্গত, গত বছরের ১ অক্টোবর খাগড়াছড়ি জেলা শহরের গঞ্জপাড়া ব্রিজ এলাকা থেকে এক মাদ্রাসা ছাত্রী(১৩) কে মাহমুদুল হাসান নামে এক যুবক সহযোগিদের নিয়ে অপহরণ করে নিয়ে যায়। পরে স্থানীয় ইকোছড়ি ইন নামে একটি হোটেলের ১০১ নম্বর কক্ষে ছাত্রীটিকে আটকিয়ে মাহমুদুল হাসান তার অপর দুই সহযোগি মিশু বড়ুয়া ও মো: হোসেন মিলে টানা দুই দিন পর্যায়ক্রমে ধর্ষণ করে।

২অক্টোবর রাতে ছাত্রীকে নিয়ে যাওয়া হয় শহরের অপর হোটেল ফোর স্টারে। সেখানে হোটেলের ৩০৬নম্বর কক্ষে ছাত্রীকে রেখে মাহমুদুল হাসান তার আরও এক বন্ধু সুমন নিয়ে আসে এবং দু’জনে রাতভর ধর্ষণ করে। অবশেষে ঘটনা টের পেয়ে ৩অক্টোবর ভোর রাতে পুলিশ ছাত্রীটির আত্মীয়দের সহযোগিতায় অপহৃত ছাত্রীকে উদ্ধার করতে সক্ষম হয়।

খাগড়াছড়ি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা তারেক মো: আব্দুল হান্নান জানান, হোটেলের সিসি ক্যামেরার ফুটেজ নিয়ে চার ধর্ষককে সনাক্ত করার পর পুলিশ মাহমুদুর হাসান নামক একজনকে আটক করে। এ ঘটনায় খাগড়াছড়ি সদর দায়েরকৃত থানায় নারী ও শিশু নির্যাতন আইনে মামলাটি এখন চুড়ান্ত পর্যায়ে রয়েছে ।